

তারিখ ... ..  
পৃষ্ঠা ৭ ... .. ৬

# শিক্ষা বছর আর অর্থ বছরের ফারাক ॥ বৃত্তির টাকা হারাচ্ছে মেধাবী শিক্ষার্থীরা

কনায়ন রবিদ্র চৌধুরী সিলেট অফিস ॥ চলতি অর্থ বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তির টাকা ফেরত বাওনার আশঙ্কা দেখা দিয়েছে। এই বৃত্তির টাকা অন্যান্য বছরের ন্যায় তানাদি হয়ে যাবে। মূলত: শিক্ষা বছর ও অর্থ বছর পার্থক্য থাকান প্রতি বছর বৃত্তির

নাথ নাথ টাকা ফেরত যায়, পবে এগুলো তানাদি হয়ে যায়। চলতি অর্থবছর মেধাবী, মাধ্যমিক ও উপবৃত্তি যাতে ২ কোটি ৬০ লাখ টাকা বরাদ্দ রয়েছে। এই (১০ম পৃ: ৫:)

## শিক্ষা বছর আর (ন পৃ: পর)

টাকা প্রাথমিক বৃত্তি থেকে উচ্চ মাধ্যমিক স্তরের ১ লাখ ১ হাজার ১৮ জন ছাত্রছাত্রীর মধ্যে বিতরণের কথা। কিন্তু শিক্ষা বছর আর অর্থ বছরের তারতম্যের কারণে উচ্চ মাধ্যমিক স্তরের ছাত্রের হাজার হাজার মেধাবী ছাত্র-ছাত্রী বৃত্তি টাকা পাবে না। কারণ সেপ্টেম্বরে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া এখনো সম্পন্ন হয়নি। ফলে সংশ্লিষ্ট বোর্ড মেধাবী ছাত্র-ছাত্রীদের তালিকা পাঠানি। উচ্চ মাধ্যমিক স্তরের বৃত্তি প্রাপ্তরা যখন কোন বিশ্ববিদ্যালয়ে কিংবা কলেজে ভর্তি হয় তখন তাদের নামের তালিকা সংশ্লিষ্ট বোর্ডে উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পাঠিয়ে থাকে এবং তারপরই বৃত্তির টাকা নিশ্চিত করা হয়ে থাকে। সিলেট শিক্ষা বোর্ড ও এই ক্ষেত্রের মাধ্যমে পড়েছে। সিলেটের বিপুল সংখ্যক মেধাবী ছাত্র-ছাত্রীর বৃত্তির টাকা ফেরত যাবে এবং তানাদি হয়ে যাবে। অর্থ বছর শেষ শেষে, তাই সিলেট শিক্ষা বোর্ডকে মেধাবী ছাত্র-ছাত্রীদের তালিকা চূড়ান্ত করতে হচ্ছে। কিন্তু এখন পর্যন্ত অনেক বিশ্ববিদ্যালয় ও কলেজ থেকে মেধাবী ছাত্র-ছাত্রীদের নামের তালিকা পৌঁছেনি। গত ২০শে মার্চ সিলেট শিক্ষাবোর্ড সেশনের বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ে চিঠি দিয়ে ২০ই এপ্রিলের মধ্যে তালিকা পাঠাতে অনুরোধ করলে যদিও অনেক শিক্ষা প্রতিষ্ঠান থেকে তালিকা আসেনি। এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার সাংপ্রতি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালককে লিখিতভাবে জানিয়েছেন, ২০০১-২০০২ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের ভর্তি সম্পন্ন হয়নি তাই তালিকা পাঠানো সম্ভব হয়নি। এ চিঠির অনুলিপি গতকাল বুধবার সিলেট শিক্ষা বোর্ডে পৌঁছেছে। এখন বোর্ড কর্তৃপক্ষ কি সিদ্ধান্ত নিবে? যেহেতু অর্থ বছর শেষ পর্যায়ে এবং প্রাপ্ত তালিকা অনুযায়ী বৃত্তির টাকা উঠাতে হবে। সেইহেতু অবশিষ্ট বৃত্তির টাকা ফেরত গেলে কিছুই করার নেই তাদের।